

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
ইরেসপো-২য় পর্যায়
পল্লী ভবন, ৫ কাওরান বাজার, ঢাকা-১২১৫

স্মারক নং ৪৭.৬২.০০০০.৯৬৬.১৮.০০৪.২১. ২৭০৪


তারিখ- ২৭ আগস্ট, ২০২৪

অফিস আদেশ

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন “দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা (ইরেসপো)-২য় পর্যায়” শীর্ষক প্রকল্পের আওতায় অনুষ্ঠিত কিশোরী সংঘের সদস্যদের প্রশিক্ষণের হাজিরা ও প্রশিক্ষন উপকরন বিতরণের মান্ডাররোল বিভিন্ন উপজেলায় বিভিন্ন পদ্ধতিতে করা হয়। এর ফলে বর্ণিত বিষয়ে বিভিন্ন উপজেলায় দ্বৈততার সৃষ্টি হয়েছে। সে প্রেক্ষিতে প্রশিক্ষণের হাজিরা ও প্রশিক্ষন উপকরন বিতরণের মান্ডাররোলের বিষয়ে দ্বৈততা পরিহারের জন্য নিম্নোক্ত পদ্ধতি অনুসরণ করতে হবে :

- প্রতিটি প্রশিক্ষন অনুষ্ঠানের পূর্বে সংযুক্ত ফ্লো চার্ট অনুসরণ করে কিশোরী সফটওয়্যারে প্রশিক্ষণের তথ্য এন্ট্রি প্রদানপূর্বক প্রশিক্ষণার্থীদের হাজিরা ও প্রশিক্ষন উপকরন বিতরণের মান্ডাররোল প্রিন্ট আউট করে প্রশিক্ষণার্থীদের স্বাক্ষর নিতে হবে;
- বর্ণিত স্বাক্ষরিত প্রশিক্ষণার্থীদের হাজিরা ও প্রশিক্ষন উপকরন বিতরণের মান্ডাররোল এর সফটকপি iresppwkishori@gmail.com এ প্রেরণ এবং হার্ড কপি বিল ভাউচার হিসেবে সংরক্ষণযোগ্য হবে;
- সমাপ্তকৃত প্রশিক্ষণের তথ্য কিশোরী সফটওয়্যারে এন্ট্রিপূর্বক প্রিন্ট আউট করে পুনরায় প্রশিক্ষণার্থীদের স্বাক্ষর গ্রহন করার প্রয়োজন হবে না, শুধুমাত্র তথ্য এন্ট্রি করতে হবে। ইতোপূর্বে অনুষ্ঠিত প্রতিটি প্রশিক্ষণের তথ্য ক্যালেন্ডার অনুযায়ী পর্যায়ক্রমে কিশোরী সফটওয়্যারে এন্ট্রি করে হালনাগাদ করতে হবে। উল্লেখ্য, সমাপ্তকৃত প্রশিক্ষণের তথ্য হালনাগাদ ব্যতীত নতুন করে প্রশিক্ষণ আয়োজন ও এ সংক্রান্ত তথ্য আপলোড করা যাবে না;
- কিশোরী সফটওয়্যারে কোন তথ্য এন্ট্রির বিষয়ে জটিলতার সম্মুখীন হলে প্রোগ্রামার, ইরেসপো এর সঙ্গে যোগাযোগ করে সমাধান করতে হবে।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।



২৭/০৮/২৪
মোহাম্মদ রাশেদুল আলম
প্রকল্প পরিচালক

স্মারক নং ৪৭.৬২.০০০০.৯৬৬.১৮.০০৪.২১. ২৭০৪

তারিখ- ২৭ আগস্ট, ২০২৪

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. উপজেলা নির্বাহী কর্মকর্তা, উপজেলা:....., জেলা:.....।
২. উপপরিচালক, বিআরডিবি, জেলা:
৩. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
৪. প্রোগ্রামার (ইরেসপো), বিআরডিবি, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৫. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিআরডিবি, উপজেলা:, জেলা:
৬. প্রধান শিক্ষক, (সংশ্লিষ্ট হাই স্কুল) উপজেলা:, জেলা:
৭. মহিলা শিক্ষক, (সংশ্লিষ্ট হাই স্কুল) উপজেলা:, জেলা:
৮. পরিচালক (সরেজমিন) এর একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
৯. অফিস নথি।


২৭/০৮/২৪
এ, এস, এম সোলায়মান
উপ প্রকল্প পরিচালক